# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৭৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কোন মুসলিম ভাইয়ের সাথে মুচকি হেঁসে কথা বলা মহান আল্লাহ তার জন্য সাদাকাহ লিখে দেন

## ذِكْرُ كِتْبَةِ اللَّهِ جَلَّ وَعَلَا الصَّدَقَةَ لِلْمُسْلِمِ بِتَبَسُّمِهِ فِي وَجْهِ أَخِيهِ الْمُسْلِمِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ الصُّوفِيُّ بِبَغْدَادَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الرُّومِيِّ قَالَ: حَدَّثَنَا النَّضْرُ بْنُ مُحَمَّدٍ قَالَ: حَدَّثَنَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنِي أَبُو زُمِيل عَنْ مَالِكِ بْنِ مَرْثَدٍ عَنْ أَبِيهِ: عَنْ أَبِي ذَرٍّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (تَبَسُّمُكَ فِي وَجْهِ أخيك صدقة.)
الراوي : أَبو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 474 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪৭৪. আবু যার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমার ভাইয়ের সাথে তোমার মুচকি হাঁসি দেওয়াটাও সাদাকাহ।”[1]

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبُو زُمِيلٍ هَذَا: هُوَ سِمَاكُ بْنُ الْوَلِيدِ الْحَنَفِيُّ يَمَانِيٌّ ثِقَةٌ وَالنَّضْرُ بْنُ مُحَمَّدٍ هَذَا: هُوَ الْجُرَشِيُّ الْيَمَامِيُّ وَالنَّضْرُ بْنُ مُحَمَّدٍ الْقُرَشِيُّ مَرْوَزِيٌّ صَاحِبُ الرَّأْيِ وَكَانَا فِي زَمَنٍ وَاحِدٍ.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, রাবী আবু যুমাইল হলেন সিমাক বিন আল ওয়ালিদ আল হানাফী ইয়ামানী। তিনি একজন নির্ভরযোগ্য ব্যক্তি। নাদ্বর বিন মুহাম্মাদ হলেন আল জুরাশী আল ইয়ামামী। আর নাদ্বর বিন মুহাম্মাদ আল কুরাশী মারওয়াযী হলেন রায়পন্থী ছিলেন। (একই নামধারী এই দুই ব্যক্তি) তাঁরা সমসাময়িক ছিলেন।”

ফুটনোট

[1] তিরমিযী: ১৯৫৬; আদাবুল মুফরাদ: ৮৯১; মুসনাদ আহমাদ: ৫/১৬৮।

হাদীসটির ব্যাপারে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৫৭২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88938

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন